

৯ ছাত্র সংগঠনের প্রতিনিধিদের আমন্ত্রণ

গণতান্ত্রিক ছাত্র সংসদের পরিচিতি সভা

ঢাকা প্রতিবেদক

০২ মার্চ ২০২৫, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৯টি ছাত্র সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে পরিচিতি সভা ও মিষ্টিমুখের আয়োজন করেছে নবগঠিত বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ। সভায় প্রথম রমজানে আজ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সব ছাত্র সংগঠনকে নিয়ে গণ-ইফতার কর্মসূচির ঘোষণা দেয় সংগঠনটি।

UNIBOTS

গতকাল শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মধুর ক্যান্টিনে এ সভা অনুষ্ঠিত হয়। এতে গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় কমিটির নেতৃত্ববৃন্দের সঙ্গে অন্যান্য ছাত্র সংগঠনের প্রতিনিধিদের পরিচয় করিয়ে দেন সংগঠনের মুখ্য সংগঠক। পরিচিতি পর্বে উপস্থিত ছিলেন বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার, মুখপাত্র আশরাফ খাতুন, সদস্য সচিব জাহিদ আহসান, ঢাবি শাখার আহ্বায়ক আব্দুল কাদের, সদস্য সচিব মহির আলম প্রমুখ। সভায় গণতান্ত্রিক ছাত্র সংসদের ঢাবি শাখার আহ্বায়ক আব্দুল কাদের বলেন,

সব ছাত্র সংগঠনের নেতৃত্ববৃন্দ আজ একসঙ্গে বসে আছে; আমরা এমন একটি বাংলাদেশ, এমন একটি বিশ্ববিদ্যালয়ই চেয়েছিলাম। আমরা বিভাজনের রাজনীতি চাই না। আগামীর স্বপ্নের বাংলাদেশ গড়তে ঐক্যবদ্ধ হয়ে কাজ করব।

সংগঠনটির কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার বলেন, জুলাইয়ে আমরা কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করেছি এবং এখনো সহাবস্থানের রাজনীতি চর্চা করছি। ডাকসু ও সব ছাত্রসংসদ দ্রুত বাস্তবায়ন হওয়া দরকার, এ জন্য সব ছাত্র সংগঠনকে একত্রে কাজ করতে হবে। এ সময় প্রথম রমজানে (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সব ছাত্র সংগঠনকে আমন্ত্রণ জানিয়ে গণ-ইফতার কর্মসূচির ঘোষণা দেন আবু বাকের মজুমদার। তিনি বলেন, গত বছর আমাদের ইফতার কর্মসূচি বন্ধের চেষ্টা করা হয়েছিল, কিন্তু আমরা প্রতিবাদ হিসেবে টিএসসিতে গণ-ইফতার করেছিলাম। এ বছরও আমরা প্রথম রমজানে টিএসসিতে গণ-ইফতার কর্মসূচি পালন করব এবং সবার আমন্ত্রণ থাকবে।

অন্যান্য ছাত্র সংগঠনের মধ্যে বক্তব্য রাখেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সভাপতি সালমান সিদ্দিকী, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের যুগ্ম সম্পাদক মানসুরা আক্তার, ইসলামী ছাত্রশিবির ঢাবি শাখার জেনারেল সেক্রেটারি মহিউদ্দিন আহমদ, বিপ্লবী ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জাবির ইসলাম জুবিল, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের ঢাবি শাখার সভাপতি মেঘমল্লার বসু, ইসলামিক ছাত্র আন্দোলন ঢাবি শাখার সভাপতি ইয়াসিন আরাফাত, বাংলাদেশ ছাত্রপক্ষের ঢাবি আহ্বায়ক খালেদ সাইফুল্লাহ জিহাদ, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সৈকত আরিফ, স্বাধীন বাংলা ছাত্র সংসদের আহ্বায়ক জামাল উদ্দিন খালিদ প্রমুখ।